অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের পর নিউ ইয়র্ক সিটি, ওয়েস্টচেস্টার এবং এরি কাউন্টির 7টি পানশালার মদের লাইসেন্স স্থগিত করার ঘোষণা করেছেন

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স মঙ্গলবার রাতে 835টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, 41টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করে

করোনাভাইরাস জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময়, 64টি ব্যবসার মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে

549টি চার্জ দাখিল এবং প্রক্রিয়াকরণ করা হয়েছে, সাসপেনশন এবং চার্জের হালনাগাদকৃত তালিকা পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের কারণে রাজ্য 7টি পানশালার মদের লাইসেন্স স্থগিত করেছে - যার মধ্যে নিউ ইয়র্ক সিটিতে 5টি, ওয়েস্টচেস্টার কাউন্টিতে একটি, এরি কাউন্টিতে একটি। বুধবার রাতে, রাজ্য পুলিশ (State Police) এবং রাজ্য মদ কর্তৃপক্ষের (State Liquor Authority, SLA) নেতৃত্বে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স 41টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে 835টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে। সোমবার থেকে টাস্ক ফোর্স 1,966টি কমপ্লায়েন্স চেক সম্পন্ন করেছে এবং 96টি লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে, যা না মেনে চলার হারকে প্রায় 5% করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"তরুণদের মধ্যে সংক্রমণের ক্রমবর্ধমান হার এবং জনবহুল পানশালার বিষয়টি নিউ ইয়র্কের ক্ষেত্রেই অনন্য নয় - বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization) এই বিষয়ে সতর্ক করেছে, সারা দেশ জুড়ে রাজ্যগুলো এর মোকাবিলা করছে, এমনকি প্রেসিডেন্টও বলেছেন যে তরুণদের পানশালা এড়িয়ে চলা উচিত - কিন্তু সাম্রাজ্ঞী রাজ্যে আমরা নির্ণায়ক পদক্ষেপ নিচ্ছি যাতে এটা করোনাভাইরাসের বিরুদ্ধে আমাদের অগ্রগতিকে খর্ব না করে," **গভর্নর কুওমো বলেন।** "গত রাতে আমাদের টাস্ক ফোর্স ডাউনস্টেটে আরও 41টি প্রতিষ্ঠানে লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে এবং আজ আমরা

সারা রাজ্য জুড়ে 7টি পানশালাকে স্থগিতাদেশ জারি করছি যারা করোনাভাইরাস সংক্রান্ত নিয়ম লঙ্ঘন করেছে। রাজ্য পুলিশ এবং রাজ্য মদ কর্তৃপক্ষ তাদের কাজ করছে - এবং আমাদের প্রয়োজন স্থানীয় সরকার যেন এগিয়ে আসে এবং তাদের কাজ করে।"

স্টেট লিকর অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "আমরা পানশালা এবং রেস্টুরেন্টে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষার জন্য লাইসেন্সধারীদের দায়ী করা অব্যাহত রাখবো। নিউ ইয়র্কবাসীরা করোনাভাইরাসের বক্ররেখা বাঁকানোর জন্য বহু ত্যাগ করেছে, এবং এমন এক সময়ে যখন ডজন খানেক রাজ্য কেস বাড়তে দেখছে, তখন এই ভাইরাসকে দূরে রাখার দায়িত্ব আমাদের সবারই আছে।"

গত রাতে, স্টেটের তদন্তকারীরা 41 টি প্রতিষ্ঠানে লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে এবং আনুষ্ঠানিক অভিযোগ প্রস্তুত করা হচ্ছে। গত রাত থেকে পর্যবেক্ষিত লঙ্ঘনের ভৌগলিক তথ্যের মধ্যে রয়েছে:

- দ্য ব্রঙ্কস -- 5
- ব্রুকলিন -- 2
- ম্যানহাটন -- 20
- কুইন্স -- 11
- নাসাউ - 3

30 জুলাই তারিখে এক সভার পর সাতটি প্রতিষ্ঠানকে রাজ্য মদ কর্তৃপক্ষ বোর্ড থেকে তাৎক্ষণিক স্থগিতের জরুরী আদেশ জারি করা হয়:

ওসিনিং এ 84 ক্রোটন এভিনিউতে "আটলান্টিক বার"
24 জুলাই তারিখে এই প্রতিষ্ঠানের একটি ঘটনা সম্পর্কে SLA ভিলেজ অফ ওসিনিং পুলিশ ডিপার্টমেন্ট (Village of Ossining Police Department) থেকে একটি রেফারেল পায়। সেই তারিখে, আধিকারিকরা বেশ কয়েকজন পৃষ্ঠপোষককে বাইরে জড়ো হতে দেখেন, যখন ব্যবসার সদর দরজা বন্ধ করা ছিল। আধিকারিকরা মালিকদের দিয়ে সদর দরজা খোলান, যেখানে তারা দেখেন ভেতরে অসংখ্য পৃষ্ঠপোষক মদ্যপান এবং মেলামেশা করছেন কোন মুখের আবরণ ছাড়া এবং কোন খাবার পরিবেশন করা হচ্ছে না।

কেনমোরের 1809 কেনমোর এভিনিউতে "দ্যা ভিলেজ লাইন"
24 জুলাই তারিখে, এই প্রতিষ্ঠানটি খাবার পরিবেশন করে না এমন অভিযোগের প্রতিক্রিয়ায়, একজন SLA তদন্তকারী ট্যাভার্নে প্রবেশ করেন এবং তিনজন পৃষ্ঠপোষককে খাবার ছাড়া মদ পান করতে দেখেন। একজন কর্মচারীর কাছ থেকে মেনু অনুরোধ করার পর তদন্তকারীকে বলা হয় যে তিনি পিৎজার জন্য পাশের প্রতিষ্ঠানে গিয়ে তা নিয়ে বারে ফিরে আসতে পারেন - যা এই কথার স্বীকারোক্তি যে সেখানে কোন খাবার উপলভ্য ছিল না। ট্যাভার্নটিকে খাদ্য ছাড়া মদ পরিবেশন করার জন্য নির্বাহী আদেশ 202.52 লঙ্ঘনের জন্য দায়ী করা হয়, খাদ্য উপলভ্য না রাখার এক "প্রতারণাকারী" অভিযোগ সহ, যা 1964 থেকে সকল লাইসেন্সকৃত ট্যাভার্নের জন্য বাধ্যতামূলক।।

ম্যানহাটনের 477 আমস্টারডাম এভিনিউতে "হাই লাইফ বার অ্যান্ড গ্রিল"
29 জুলাই তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা পর্যবেক্ষণ করেন যে একটি স্থায়ী কাঠামোর ভিতর পৃষ্ঠপোশকরা বসে আছেন এবং তাদের পরিবেশন করা হচ্ছে যা NYS স্বাস্থ্য বিভাগের বহিরঙ্গনের পরিষেবা সংক্রান্ত অন্তর্বর্তীকালীন নির্দেশিকা লঙ্ঘন করে।

ব্রুকলিনে 128 স্মিথ স্ট্রিটে "বার ট্যাবাক"
24 জুলাই রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা সাতজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়া পর্যবেক্ষণ করেন, যার মধ্যে ছিলেন ভবনের ম্যানেজার, একজন বারটেন্ডার, একজন উপস্থাপক এবং রান্নাঘরের কর্মচারীদের চারজন সদস্য। লাইসেন্সধারী পূর্বে জুন মাসে গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করেছিলেন এবং প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে ভালোভাবেই সচেতন ছিলেন।

অ্যাস্টোরিয়ার 33-29 অ্যাস্টোরিয়া বুলেভার্ডের "রিপাব্লিক"
24 জুলাই তারিখে রাষ্ট্রের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রাত 12:30-টায় খোলা এবং পরিচালনরত বলে দেখেন যা নিউ ইয়র্ক সিটির বহিরঙ্গনের পরিষেবা প্রদানের রাত 11-টার কারফিউ লঙ্ঘন করে, এবং বিপুল সংখ্যক পৃষ্ঠপোষক ফুটপাথে মদ খেতে এবং হুকায় ধূমপান করতে দেখেন বসে থাকা পৃষ্ঠপোশকদের মাঝে, এবং সকলেই ওই স্থানের সরাসরি সামনে ছিলেন।

জ্যাকসন হাইটসের 85-09 নর্দার্ন বুলেভার্ডে অবস্থিত "কাবু বার লাউঞ্জ"
24 জুলাই তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 25 জন পৃষ্ঠপোষককে দাঁড়িয়ে থাকতে, মদ্যপান করতে এবং এই স্থানের সামনে জড়ো হতে দেখেন, সকল সামাজিক দূরত্বের নিয়মকানুন উপেক্ষা করে এবং মুখের আবরণ ছাড়াই একজন ওয়েট্রেসকে দেখেন পরিবেশন করতে। কাবু বার লাউঞ্জ এই অপরাধ আগেও করেছে, যার বিরুদ্ধে 26 এবং 30 জুন একজিকিউটিভ অর্ডার লঙ্ঘনের অভিযোগ অনিষ্পন্ন আছে।

ইস্ট এমহার্স্টে 91-01 91-05 অ্যাস্টোরিয়া বুলেভার্ডে অবস্থিত "ল্যালাইল স্টেকহাউস"
25 জুলাই তারিখে রাজ্যেরমাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা অন্তত 17 জন পৃষ্ঠপোষককে এই প্রতিষ্ঠানের সামনে দাঁড়িয়ে মদ্যপান করতে দেখেন মুখের আবরণ ছাড়া এবং সামাজিক দূরত্বের নির্দেশিকা না মেনে। 18 জুলাই তারিখে SLA নিউ ইয়র্ক সিটির বহিরঙ্গনে পরিষেবা প্রদানের রাত 11-টার কারফিউ এর পর এক বড় সংখ্যক পৃষ্ঠপোষকদের মদ্যপান করার বর্ণনা দিয়ে রেফারাল পান NYPD-র থেকে, মদ্যপান করা, দাঁড়িয়ে থাকা এবং ভিড় করা সহ।

30 জুলাই পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়।

স্টেটের তদন্তকারীরা লঙ্ঘন পর্যবেক্ষণ করার পর, আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করা হয় এবং জরিমানা জারি করা হতে পারে। যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন

জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন